

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০৯.২১.৯

তারিখ: ১৩ মাঘ ১৪২৮

২৭ জানুয়ারি ২০২২

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের  
আওতাধীন বিদ্যালয়ের সামগ্রিক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১, তারিখ: ২১/০১/২০২২ খ্রি:

২) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০৯.২১.১, তারিখ: ২৯/০৪/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিদ্যালয়সমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে অনুসরণীয় নির্দেশনাসমূহ নিম্নরূপ:

১. আগামী ৬ ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত সরাসরি অংশগ্রহণে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে;

২. প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২৯/০৪/২০২১ তারিখের ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০৯.২১.১ নম্বর স্মারক মূলে জারীকৃত পত্রের নির্দেশনাসমূহ প্রতিপালন নিশ্চিত করতে হবে।

৩. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, নেপ, ময়মনসিংহ ও এনসিটিবি কর্তৃক ২০২২ সালের জন্য প্রণীত বার্ষিক পাঠ পরিকল্পনা (জানুয়ারি-এপ্রিল ২০২২) ইতোমধ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুসরণ করা হচ্ছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকায় অনুমোদিত বার্ষিক পাঠ পরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকগণ অনলাইনে (Google Meet) পাঠদান কার্যক্রম পরিচালনা করবেন;

৪. মোবাইল ফোন ও ব্যক্তিগতভাবে যোগাযোগের মাধ্যমে সংসদ বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার ও কমিউনিটি রেডিও কর্তৃক পরিচালিত “ঘরে বসে শিখি” পাঠ কার্যক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে;

৫. অনলাইন ক্লাসের সময়সূচি নির্ধারণের ক্ষেত্রে সংসদ বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার ও কমিউনিটি রেডিও’র মাধ্যমে চলমান “ঘরে বসে শিখি” পাঠ সম্প্রচারের সময়টুকু বাদ দিয়ে অনলাইন পাঠদানের সময়সূচি নির্ধারণ করতে হবে;

৬. শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি পাঠদান কার্যক্রম বন্ধকালীন প্রতিষ্ঠানের সকল সম্পদ রক্ষণাবেক্ষণ ও সামগ্রিক নিরাপত্তার বিষয়ে প্রধান শিক্ষক এসএমসির সদস্যদের সহযোগিতা নিবেন;

৭. বিদ্যালয়ে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

৮. প্রধান শিক্ষক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়ার সকল শিক্ষার্থীকে শ্রেণিশিক্ষক ও বিষয়শিক্ষক প্রতি ভাগ করে দিবেন/নিবেন। শিক্ষকগণ তাঁর সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সাথে মোবাইল ফোনে ও ব্যক্তিগতভাবে নিয়মিত যোগাযোগ রক্ষা করে শিক্ষার্থীদের পাঠ অগ্রগতির খোঁজখবর নিবেন।

২। এমতাবস্থায়, কোভিড-১৯ সংক্রমণরোধে সরকার ঘোষিত সকল স্বাস্থ্যবিধি ও অন্যান্য বিধি নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপর্যুক্ত নির্দেশনাসমূহ অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা/বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনানুগ ০২ (দুই) পাতা।

২৭-১-২০২২  
মনীষ চাকমা  
পরিচালক

বিতরণ :

- ১) উপপরিচালক,  
ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ  
ইন্সটিটিউট (পিটিআই)
- ৪) উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)
- ৫) ইন্সট্রাক্টর, ইউআরসি/টিআরসি, (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০৯.২১.৯/১(৬)

তারিখ: ১৩ মাঘ ১৪২৮  
২৭ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
- ৩) চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
- ৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৫) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৬) অফিস কপি।



২৭-১-২০২২

তাপস কুমার আচার্য্য  
সহকারী পরিচালক